

## উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভার কার্য-বিবরণী

সভা নং ০১/২০২৪-২৫

তারিখ: ২৪/০৭/২০২৪ইং

সময়: বিকাল: ০৩:০০ ঘটিকা

সভার স্থান: উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বাউফল, পটুয়াখালী।

### উপস্থিত সদস্যদের নামের তালিকা:

ক্র: নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	মরিয়ম বেগম নিসু	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাউফল	সভাপতি	স্বাক্ষরিত
২	এস. এম. মহসীন	চেয়ারম্যান, নাজিরপুর ইউনিয়ন পরিষদ, বাউফল	সদস্য	স্বাক্ষরিত
৩	মো: কামাল হোসেন	চেয়ারম্যান, নওমালা ইউনিয়ন পরিষদ, বাউফল	সদস্য	স্বাক্ষরিত
৪	মো: মনজুর আলম	চেয়ারম্যান, আদাবাড়িয়া ইউনিয়ন পরিষদ, বাউফল	সদস্য	স্বাক্ষরিত
৫	ডা: প্রশান্ত কুমার সাহা	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, বাউফল	সদস্য সচিব	স্বাক্ষরিত

### আলোচ্য বিষয়:

#### ১. কমিউনিটি ক্লিনিকে গভীর নলকূপ স্থাপন/নির্মাণ।

আলোচ্য বিষয়, আলোচনা ও গৃহীত সিদ্ধান্তসমূহ:

অদ্যকার সভা উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভাপতি ও মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাউফল, পটুয়াখালী এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার শুরুতেই সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, বাউফল, পটুয়াখালীকে আলোচ্য বিষয়গুলি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

সদস্য সচিব, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করে এজেভা ভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ জানান।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/ সুপারিশ	সময়সীমা ও দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি
১. কমিউনিটি ক্লিনিকে গভীর নলকূপ স্থাপন/নির্মাণ।	উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা সভায় জানান যে, বাউফল উপজেলায় মোট ৪৫টি কমিউনিটি ক্লিনিকের মধ্যে ৭টি ক্লিনিকে নিরাপদ খাবার পানির ব্যবস্থা নাই। এ সকল বিষয় বিবেচনা করে উক্ত ক্লিনিকে গভীর নলকূপ স্থাপন/নির্মাণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	আলোচনার প্রেক্ষিতে সংশ্লিষ্ট ক্লিনিকসমূহে ৭টি গভীর নলকূপ স্থাপন/নির্মাণের প্রস্তাব উপজেলা প্রকল্প নির্বাচন কমিটিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	২০২৪-২৫ অর্থবছর। উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মরিয়ম বেগম নিসু)

মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও

সভাপতি

উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটি

বাউফল, পটুয়াখালী।